

বিপুল তরঙ্গ রে, বিপুল তরঙ্গ রে ।
সব গগন উদ্বেলিয়া— মগন করি অতীত অনাগত
আলোকে-উজ্জ্বল জীবনে-চঞ্চল একি আনন্দ-তরঙ্গ ॥
তাই, দুলিছে দিনকর চন্দ্র তারা,
চমকি কম্পিছে চেতনাধারা,
আকুল চঞ্চল নাচে সংসার, কুহরে হৃদয়বিহঙ্গ ॥

Parjaay: Puja, Taal: Teyora, Raag: Bhimpalāsri
Visit www.geetabitan.com for notation and other detail